উপজেলা পরিষদ কার্যালয়
কমলনগর, লক্ষ্মীপুর।

এপ্রিল/২০২২ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী ঃ-
সভাপতি ঃ মেজবাহ্ উদ্দিন আহম্মদ বাপ্পী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।

সভার স্থান ঃ উপজেলা রিসোর্স সেন্টার সম্মেলন কক্ষ, হাজির হাট, কমলনগর।

সভার তারিখ ও সময় ঃ ১৯.০৪.২০২২ খ্রিঃ, সকাল ১১.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" ও "খ" তে দেখানো হ'লঃ

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোনরুপ সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরন করা হয়। অত:পর সভাপতি চলমান উন্নয়ন কাজের অগ্রগতি ক্রমান্বয়ে উপস্থাপনের জন্য উপস্থিত সকল বিভাগীয় প্রধানকে এবং সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষ্মীপুরকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার কার্যক্রম শুরু করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জনাব মীর মোঃ আমিনুল ইসলাম (মঞ্জু) সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোভিড-১৯ ভ্যাকসিন তথ্যঃ নমুনা সংগ্রহঃ ৩৯৬৪ টি, পজিটিভ ৬৬৯ টি, নেগিটিভ ৩২৯৫ টি, ফলাফল পেন্ডিং ২ টি, করোনা টিকা প্রদান সংক্রান্ত ডোজ প্রদান-১ম ডোজ-১,৮৪,৭৪৩, ২য় ডোজ-১,৬৭,০২৭, ৩য় ডোজ (বুস্টার)-১৪,০৬০। এ উপজেলায় করোনার উপসর্গ নিয়ে মৃত্যুবরণ করেন ০৭ জন, সংগৃহীত নমুনার ফলাফল সবগুলো নেগিটিভ অর্থাৎ করোনা আক্রান্ত ছিলেন না। গত মার্চ/২০২২ মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সঃ নরমাল ডেলিভারী ৪২ জন মা ও নবজাতক সুস্থ্য ও স্বাভাবিক রয়েছে। হাসপাতালে নরমাল ডেলিভারীর সকল সুযোগ সুবিধা রয়েছে। প্রাতিষ্ঠানিক ডেলিভারী নিশ্চিতকরণে সকলের সহযোগিতা কামনা করেন। হাসপাতালের সংস্কার, পরিষ্কার পরিচ্ছন্নতা এবং শোভাবৃদ্ধির কাজ চলমান রয়েছে। হাসপাতালে জীন এক্সপার্ট ও ডিজিটাল এক্স-রে মেশিন স্থাপন করা হয়েছে। জীন এক্সপার্ট টেকনিশিয়ান আছে এবং চালু রয়েছে। ফ্লু কর্ণার (জ্বর, সর্দি, কাশি, শ্বাস কষ্ট) রোগীর সংখ্যাঃ ৭২ জন, বহিঃ বিভাগঃ ৮২৩২ জন, জরুরী বিভাগঃ ৪৫৬ জন, ভর্তি রোগীঃ ৬০৯ জন রোগীকে যথাযথভাবে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। হাসপাতালের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কমিউনিটি ক্লিনিক সমূহ সকাল ৮.০০ টা হইতে ৩.০০ টা পর্যন্ত চলমান রয়েছে। | ১। স্বাস্থ্য বিভাগে রোগীদের চিকিৎসা সেবা যথাযথভাবে প্রদান করার জন্য অনুরোধ করা হয়।<br>২। করোনা ভাইরাস পরিস্থিতিতে উপজেলায় করোনা রোগীদের যথাযথ সেবা প্রদান নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।<br>৩। করোনা রোগীদের আইসোলেশন ব্যবস্থা ও হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।<br>৪। আগামী ২৬/০২/২০২২ তারিখের মধ্যেই কোভিড-১৯ এর ১ম ডোজ টিকা প্রদান কার্যক্রম সফলতার সাথে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কমলনগর ও সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত:পর তিনি উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সেবা প্রদান সম্পর্কিত পরিসংখ্যান সভায় উপস্থাপন করেন। পরিবার পরিকল্পনা বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি মার্চ/২০২২ খ্রিঃ মাসে স্থায়ী পদ্ধতি গ্রহিতাঃ মহিলা বন্ধ্যাকরন ০৩ জন, পুরুষ বন্ধ্যাকরন ০১ জন, দীর্ঘমেয়াদী পদ্ধতি ঃ ইমপ্লান্ট ৮৬ জন, আইইউডি ৬৫ জন, অস্থায়ী পদ্ধতি ঃ খাবার বড়ি বিতরন ৬৩৩৭ সাইকেল, কনডম বিতরন ৬৯২৩ পিস, ইনজেকটেবল ৩১৩৬ ভায়াল, মিসোপ্রোস্টল ৩৩৩ ডোজ, প্রসবসেবা ১৪৯ জন, সাধারন রোগী ২১০৭ জন। উপজেলায় মোট সক্ষম দম্পতি ৩৪৫৬৬ জন, মোট পদ্ধতি গ্রহনকারী ২৫৮২২ জন, পদ্ধতি গ্রহনকারীর হার ৭৪.৭০%। উপজেলায় উঠান বৈঠকের সংখ্যা ৬৯ টি। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ঔষধ সরবরাহ স্বাভাবিক আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>আশ্রয়ন প্রকল্পের প্রতিবেদনঃ চরঠিকা আশ্রায়ন প্রকল্পে পরিবারের সংখ্যা ১০০ জন, পরিবারের সদস্য সংখ্যা ৩৮২ জন, সক্ষম দম্পতি ৭৬ জন, স্থায়ী পদ্ধতি গ্রহনকারী ০০ জন, ইমপ্লান্ট গ্রহনকারী ০০ জন, আইইউডি ০০ জন, অস্থায়ী পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৪৬ জন, মোট পদ্ধতি গ্রহনকারী ৪৬ জন, অগ্রহনকারী ৩০ জন। | ১। মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম বৃদ্ধিসহ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। উপজেলায় পরিবার পরিকল্পনা কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহনের অনুরোধ করা হয়।<br>৩। উঠান বৈঠকে জনপ্রতিনিধিগণের সম্পৃক্ততা বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।<br>৪। আশ্রয়ন প্রকল্পে পরিবার পরিকল্পনা কার্যক্রম আরো বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলনগর। |
| ০৩ | উপজেলা প্রকৌশল বিভাগ ঃ উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, বিভাগীয় | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ | ১। উপজেলা |

| | | | |
|---|---|---|---|
| | কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচী ২০২১-২২ অর্থ বছরে এডিপি প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছাড়া ২০২০-২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি ও রাজস্ব উন্নয়ন তহবিলের আওতায় বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য ই-টেন্ডারিং নোটিশ নং-০৩/২০২০-২১ এর মাধ্যমে দরপত্র (যাহা জুন-২০২১ মাসের মাসিক সভায় উপস্থাপন হয়েছে এবং অদ্য মাসিক সভায় সংশোধনী প্রস্তাবসহ দাখিল করা হয়) বিজ্ঞপ্তির মোট বিল ৭৭,৬৭৫/-টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি ও রাজস্ব উন্নয়ন তহবিলের আওতায় বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য ই-টেন্ডারিং নোটিশ নং-০৫/২০২১-২২ এর মাধ্যমে দরপত্র বিজ্ঞপ্তির মোট বিল ৮৩,০০৬/-টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ করেন। তিনি আরো জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনে আনসার গার্ডরুম নির্মাণ ১,২৮,০০০/-টাকার প্রাক্কলন প্রস্তুতপূর্বক কাজটি প্রকল্প কমিটির মাধ্যমে সম্পন্ন করা হয়। সভায় উক্ত কাজের বিল প্রদানের জন্য অনুরোধ করেন। | অনুরোধ করা হয়।<br>২। ২০২০-২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি ও রাজস্ব উন্নয়ন তহবিলের আওতায় বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য ই-টেন্ডারিং নোটিশ নং-০৩/২০২০-২১ এর মাধ্যমে দরপত্র বিজ্ঞপ্তির মোট বিল ৭৭,৬৭৫/-টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি ও রাজস্ব উন্নয়ন তহবিলের আওতায় বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য ই-টেন্ডারিং নোটিশ নং-০৫/২০২১-২২ এর মাধ্যমে দরপত্র বিজ্ঞপ্তির মোট বিল ৮৩,০০৬/-টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। সভায় আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনে আনসার গার্ডরুম নির্মাণ বাবদ ১,২৮,০০০/-টাকার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | কমলনগর ও সংশ্লিষ্ট সকল |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি জনাব মোঃ ইকতারুল ইসলাম সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগাম শীতকালীন শাকসবজির আওতায় ৪৫০ হেক্টর ফসল কর্তন করা হয়েছে। নির্বিঘ্নে রবি আবাদ করার লক্ষ্যে রোগ ও পোকামাকড় দমন বিষয়ক কৃষক উঠান বৈঠক নিয়মিত চালু রয়েছে। চলমান প্রকল্পের আওতায় স্থাপিত প্রদর্শনী সমূহ নিয়মিত মনিটরিং করা হচ্ছে। অদ্য ২৯/০৩/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ইউরিয়া-২৬৫ মেঃ টন, টিএসপি-৭২ মেঃ টন, এমওপি-৫৮ মেঃ টন এবং ডিএপি-১৩০ মেঃ টন সারের মজুদ রয়েছে। খরিফ-১/২০২১-২২ খ্রিঃ মৌসুমের আউশ আবাদের লক্ষ্যমাত্রা ১০,৭৮০ হেক্টর। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। কৃষক উঠান বৈঠক নিয়মিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কমলনগর |
| ০৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভাঃ প্রাঃ) সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ২রা মার্চ থেকে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দুই শিফটে শ্রেণী পাঠদান চলমান। আগামী ২০ রমজান পর্যন্ত শ্রেনী কার্যক্রম চলবে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কমলনগর |
| ০৭ | উপজেলা খাদ্য বিভাগ ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কমলনগর উপজেলায় অভ্যন্তরীন আমন সংগ্রহ ২০২১-২২ এর আওতায় ১৪১১ মেঃ টন ধান ও ৩৪৮ মেঃ টন চাল বরাদ্দ পাওয়া যায়। গত ২৮/০২/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত অত্র উপজেলার বরাদ্দকৃত আমন ধান ও চাল সুষ্ঠুভাবে সংগ্রহ সম্পূর্ন হয়েছে। অত্র কমলনগর উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচীর ৬৫৯৫ জন উপকারভোগীর মধ্যে মাসিক ১৯৭.৮৫০ মেঃ টন চাল চলতি মার্চ/২০২২ থেকে এপ্রিল/২০২২ মাস পর্যন্ত কার্যক্রম চলমান থাকবে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা, কমলনগর |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জনাব মোঃ আনোয়ার হোসেন সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। ঋণ আদায় কার্যক্রম চলমান রেখে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,কমলনগর |
| ০৯ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদের অনুকূলে (২য় পর্যায়) বরাদ্দকৃত টাকা ইউনিয়ন ভিত্তিক বিভাজন করা হয়েছে। দ্রুত প্রকল্প তালিকা দাখিল করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। উপজেলা পরিষদের অনুকূলে টিআর (২য় পর্যায়) বরাদ্দকৃত টাকার ইউনিয়ন ভিত্তিক প্রকল্প তালিকা দ্রুত দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলনগর |
| ১০ | প্রাণি সম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। প্রাণি চিকিৎসা ও টিকাদান কর্মসূচী যথাযথ প্রক্রিয়ায় সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ১১ | সমাজসেবা বিভাগ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২১-২২ অর্থ বছরে ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত ০৭ জন রোগীর মাঝে ৩য় কিস্তির এককালীন | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | অনুদানের ৫০ হাজার টাকা করে ক্রস চেক বিতরণ করা হয়েছে এবং মৃত্যু জনিত কারণে ০১ জনের চেক ফেরত প্রদান করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির ৩য় কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত রোগীদের আবেদন গ্রহণ কাজ চলমান রয়েছে। এছাড়া প্রতিবন্ধী জরিপ কাজ চলমান রয়েছে। | | |
| ১২ | সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সমবায় বিভাগের নিবন্ধিত সমিতির সংখ্যা সমবায় বিভাগীয় ১১৪ টি। ২০২০-২১ সনে অডিটযোগ্য সমিতির সংখ্যা ৮১ টি। মার্চ/২২ পর্যন্ত সমিতির অডিট সম্পাদন করা হয়েছে ৮১ টি, অডিট সম্পাদনের হার ১০০%। পরিদর্শন/তদারকি ইত্যাদি কার্যক্রম চলমান রয়েছে। সরকারি রাজস্ব ধার্য ১৪,০৮০/- টাকা। আদায়কৃত ১৪,০৮০/- টাকা। আদায়ের হার ১০০%। রাজস্ব খাতে প্রশিক্ষণঃ আইজিএ প্রশিক্ষণ সমাপ্ত পুরুষ, মহিলা ৫২ জন। চর ঠিকা আশ্রয়ন-২ প্রকল্পে ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ ৫৫.২০ লক্ষ টাকা। আদায়যোগ্য ঋণ ৫৩.০৯ লক্ষ টাকা। মার্চ/২২ পর্যন্ত আদায়ের পরিমান ৪১.৪০ লক্ষ টাকা, আদায়ের হার ৭৭%। প্রকল্প দপ্তরে সার্ভিস চার্জ প্রেরণ ৯৬,৩৮৫/-টাকা। সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায় সমবায় অংশঃ ক) প্রকল্পে সমিতি গঠনের লক্ষ্যমাত্রা-৬০ টি, সমিতি গঠনের সংখ্যা-৬০ টি। প্রকল্প প্রশিক্ষণ সমাপ্তঃ এক দিনের প্রশিক্ষণ-২৬৪০ জন। তিন দিনের বিশেষ প্রশিক্ষণ ১৮০ জন। আইজিএ প্রশিক্ষণ মহিলা ৪০ জন ও পুরুষ ৮০ জন। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, কমলনগর |
| ১৩ | নার্সারী বিভাগ ঃ উপজেলা রেঞ্জ কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা রেঞ্জ কর্মকর্তা, কমলনগর |
| ১৪ | আনসার ভিডিপি বিভাগ ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ১৫ | মৎস্য বিভাগ ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলতি মার্চ/২০২২ খ্রিঃ মাসে মেঘনা নদীর ঘোষিত ইলিশ অভয়াশ্রম এলাকায় (০১ মার্চ-৩০ এপ্রিল/২০২২) ইলিশসহ সকল ধরণের মাছ আহরণ নিষিদ্ধ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত অভিযান পরিচালনা চলমান রয়েছে। অভিযান-৫১ টি, মোবাইল কোর্ট-১২ টি পরিচালনা করে ৩.৩৬৫ মে. টন পোয়া মাছ, ১.০৭ লক্ষ মিটার কারেন্ট জাল, ১৪ টি অন্যান্য জাল, ৫৪ জন জেলেকে আটক করে ২,১৪,৫০০/- টাকা জরিমানা করা হয়। ৭৮ জন মৎস্য চাষীকে মাছ চাষ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ৩০ জন মৎস্য চাষীকে মৎস্য চাষ বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। মেঘনা নদীর ঘোষিত ইলিশ অভয়াশ্রম এলাকায় (০১ মার্চ-৩০ এপ্রিল/২০২২) ইলিশসহ সকল ধরণের মাছ আহরণ নিষিদ্ধ কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলনগর ও সংশ্লিষ্ট সকল |
| ১৬ | পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি জনাব মু. আবদুল কাদের মাসুদ সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। শীতকালীন মরিচ ফসলের আনুমানিক হিসাব সংগ্রহের কাজ চলমান। পথশিশু জরিপের মূল কাজে তথ্য সংগ্রহের কাজ ৫টি উপজেলার ন্যায় কমলনগরেও চলামান। লুপ্ত প্রায় হস্ত ও কারু শিল্প জরিপের কাজ চলমান। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। চলমান জরিপগুলো সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কমলনগর |
| ১৭ | জনস্বাস্থ্য বিভাগ ঃ উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র উপজেলায় গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহঃ প্রকৌঃ, জনস্বাস্থ্য বিভাগ |
| ১৮ | পল্লী উন্নয়ন বিভাগ ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। ঋন আদায় বৃদ্ধিসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কমলনগর |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ২০ | উপজেলা দারিদ্র বিমোচন বিভাগঃ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলতি অর্থ বছর (২০২১-২২) ফেব্রুয়ারি/২২ইং মাসে সমিতি গঠন লক্ষমাত্রা ১টি, অর্জন নাই। সদস্য ভর্তি লক্ষমাত্রা ৪০ জন, অর্জন ৩৫ জন। সঞ্চয় আদায়ের লক্ষমাত্রা ২,৫০,০০০/-টাকা, অর্জন ২,৩৭,৮৫৯/- টাকা। ক্ষুদ্র ঋণ বিতরণ ২০.০০ লক্ষ টাকা, অর্জন ২০.৪৫ লক্ষ টাকা। ক্ষুদ্র ঋণ আদায়যোগ্য ২১.৬৯ লক্ষ টাকা, আদায়যোগ্য হতে আদায় ২০.৮৬ লক্ষ টাকা। আদায়ের হার ৯৬%। ফেব্রুয়ারি/২০২২ মাসে সেল্প ও চাকুরীজীবিদের মাঝে ঋণ বিতরণের লক্ষমাত্রা | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | ১০.০০ লক্ষ টাকা, অর্জন ৭.৮০ লক্ষ টাকা। সেল্প ঋন আদায়যোগ্য ১২.২৭ লক্ষ টাকা, আদায়যোগ্য হতে আদায় ১২.২৭ লক্ষ টাকা। আদায়ের হার ১০০%। ক্রমপুঞ্জিত (শুরু থেকে স্থিতি অনুযায়ী) সমিতি গঠন ৪৪টি, সদস্য ভর্তি ১,৩৫৮ জন, ঋণী সদস্য ৮৯৫ জন। নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ ২০০ জন, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ৫০ জন। সেল্প ও চাকুরীজীবি ঋণী সদস্য ১০৮ জন, সঞ্চয় স্থিতি ১,১৬,০৯,৩২৩/-টাকা, ঋণ বিতরণ (ক্ষুদ্র ও সেল্প এবং চাকুরীজীবিসহ) ১৬,৫৭,৮৭,০০০/- টাকা, ঋণ আদায়যোগ্য ১৫,৯৯,৬৬,৭৮৫/- টাকা, আদায়যোগ্য হতে আদায় ১৫,২৪,৬২,৫৯৫/- টাকা, আদায়ের হার ৯৫%। বর্তমানে মাঠে পাওনা ঋনের পরিমান ২,৮৭,৪২,৭২৯/- টাকা। | | |
| ২১ | পল্লী সঞ্চয় ব্যাংকঃ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংককে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২২ | পল্লী বিদ্যুৎ বিভাগঃ ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কমলনগর সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ বিভাগকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কমলনগর জোনাল অফিস |
| ২৩ | ইউজিডিপিঃ উপজেলা উন্নয়ন সহায়ক সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা উন্নয়ন সহায়ক, কমলনগর |
| ২৪ | তথ্য আপা প্রকল্পঃ উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা, কমলনগর |
| ২৫ | ফায়ার সার্ভিসঃ স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কমলনগর উপজেলায় কোথাও আগুনে দুর্ঘটনা ঘটলে দ্রুত ফায়ার সার্ভিস অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস |
| ২৬ | ইসলামিক ফাউন্ডেশনঃ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন এর প্রতিনিধি জনাব মোঃ সিরাজুল ইসলাম সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সহজ কোরআনও প্রাক-প্রাথমিক কেন্দ্রের নির্দেশ মোতাবেক কার্যক্রম চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন |

চেয়ারম্যান, ১নং চর কালকিনি ইউপি সভাকে জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ে দৈনিক ভিত্তিতে কর্মরত জনাব মোঃ আনোয়ার পারভেজ, অফিস সহায়ক ও জনাব হারুনুর রশিদ, সুইপারকে পবিত্র ঈদ উল ফিতর/২০২২ উপলক্ষে উৎসব ভাতা প্রদানের জন্য অনুরোধ করেন। সভায় আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ে দৈনিক ভিত্তিতে কর্মরত জনাব মোঃ আনোয়ার পারভেজ, অফিস সহায়ক ও জনাব হারুনুর রশিদ, সুইপারকে পবিত্র ঈদ উল ফিতর/২০২২ উপলক্ষে ৩০ দিনের সমপরিমান অর্ধেক উৎসব ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় উপজেলার সকল বিভাগের বিভাগীয় প্রধান ও সকল ইউপি চেয়ারম্যানগণকে আন্তরিকতার সহিত দায়িত্ব পালন করার আহবান জানান।

উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলার সকল ট্যাগ অফিসারগণকে আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করেন। সর্বস্তরে সুশাসন নিশ্চিতকরণ ও জনসেবার মান উন্নয়নের জন্য বর্তমান সরকার দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহন করেছে। সরকারী কর্মচারীদের জন্য বেতন-ভাতা অন্যান্য সুযোগ-সুবিধা বৃদ্ধি করা হয়েছে। ফলে আমাদেরকে আরো আন্তরিকতার সহিত কাজ করতে হবে। কোভিড-১৯ পরিস্থিতি উন্নতি হলে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিভাগের ছাত্র ছাত্রী ঝরে পড়া রোধে বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শনপূর্বক শিক্ষার মানোন্নয়নে উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে নিয়মিত পরিদর্শন প্রতিবেদন চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের জন্য অনুরোধ জানান। বিদ্যমান আইন ও বিধি বিধানের মধ্যে সরকারি সেবা ব্যবস্থার যে কোন উদ্ভাবনী কৌশল সভায় আলোচনা বা উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রস্তাব করার জন্য সকল কর্মকর্তাকে অনুরোধ করেন। এছাড়া উপজেলার সকল বিভাগের বিভাগীয় প্রধানগণকে আন্তরিকতার সহিত দায়িত্ব পালনের মাধ্যমে সরকারের যাবতীয় কর্মসূচির সঠিক বাস্তবায়নের জন্য আহ্বান জানান।

সভাপতি, উপজেলা পরিষদ সভায় সকলকে আন্তরিক শুভেচ্ছা জানান। উপজেলার সকল ইউপি চেয়ারম্যান ও সকল কর্মকর্তাগণকে যথাযথভাবে দায়িত্ব পালন করার আহবান জানান। সকলকে সমন্বয়ের মাধ্যমে কাজ করার অনুরোধ করেন। এছাড়া করোনা ভাইরাস প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। নদী বাঁধের কাজ সুষ্ঠু ও সুন্দর পরিবেশে করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। আকস্মিক জোয়ার ভাটার কারণে নদীর তীরবর্তী ইউনিয়ন গুলোর রাস্তা নষ্ট হয়ে গেছে। এগুলো মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করেন।

বিবিধঃ

এছাড়া ফেব্রুয়ারি/২০২২ মাসে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়িত নিম্নলিখিত অর্থ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো ঃ

০১. উপজেলা পরিষদের জানুয়ারি/২০২২ মাসের আপ্যায়ন বাবদ পরিশোধ-৩০,০০০/- টাকা।
০২. উপজেলা পরিষদের জানুয়ারি/২০২২ মাসের বিবিধ খরচ বাবদ পরিশোধ-৫,০০০/- টাকা।
০৩. উপজেলা চেয়ারম্যান-এর জানুয়ারি/২০২২ মাসের সম্মানীভাতা বাবদ পরিশোধ-৪০,০০০/- টাকা।

০৪. উপজেলা ভাইস চেয়ারম্যান-এর জানুয়ারি/২০২২ মাসের সম্মানীভাতা বাবদ পরিশোধ-২৭,০০০/-টাকা।
০৫. উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা)-এর জানুয়ারি/২০২২ মাসের সম্মানীভাতা বাবদ পরিশোধ-২৭,০০০/-টাকা।
০৬. জনাব কেশব চক্রবর্ত্তী, অফিস সহায়ক এর জানুয়ারি/২০২২ মাসের মজুরী বাবদ পরিশোধ-১২,১০০/- টাকা।
০৭. জনাব আনোয়ার পারভেজ, অফিস সহায়ক এর জানুয়ারি/২০২২ মাসের মজুরী বাবদ পরিশোধ-১২,১০০/- টাকা।
০৮. জনাব লক্ষন চন্দ্র দাস, মালী এর জানুয়ারি/২০২২ মাসের মজুরী বাবদ পরিশোধ-১২,১০০/- টাকা।
০৯. জনাব হারুন্নুর রশিদ, সুইপার এর জানুয়ারি/২০২২ বাবদ পরিশোধ-১১,০০০/- টাকা।
১০. ভূমি হস্তান্তর কর ১% বাবদ প্রাপ্তি-৮,৯৫,৩৭৫.২৫/-টাকা।
১১. ফেব্রুয়ারি/২০২২ মাস শেষে উপজেলা রাজস্ব তহবিলে স্থিতি-৩৫,৭০,২৯৮.৮৯/- টাকা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৯/৩/২০২২
(মেজবাহ উদ্দিন আহম্মেদ খাঁ)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।
তারিখ ঃ ২৯.০৩.২০২২খ্রিঃ।

স্মারক নং ০৫.৪২.৫১৩৩.০০০.০২০.০০৮.২০২২-২২৮
অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ
০১. মাননীয় সংসদ সদস্য, লক্ষ্মীপুর-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।
০২. পরিচালক, স্থানীয় সরকার, চট্রগ্রাম বিভাগ, চট্রগ্রাম।
০৩. জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।
০৫. সিনিয়র সহকারী সচিব, উপজেলা-২শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. উপজেলা ....................কর্মকর্তা, কমলনগর, লক্ষ্মীপুর।
০৭. চেয়ারম্যান ................. (সকল) ইউ পি, কমলনগর, লক্ষ্মীপুর।
০৮. জনাব ........................................

২৯/৩/২০২২
(মোঃ কামরুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
কমলনগর, লক্ষ্মীপুর।